



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মাদরাসা পরিদর্শন দপ্তর  
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/সিলেট-৩৫/২০১৮/১৫৬২১

তারিখ: ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ  
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি কোর্সে ফিকহ বিভাগে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে বিয়ানীবাজার কামিল মাদরাসা, বিয়ানীবাজার, সিলেট {BEANIBAZAR KAMIL MADRASAH, EIIN-130163, CODE-18725} এর অধ্যক্ষের ২২.১০.২০২৫ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'গ' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন ও তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'ঙ' মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৮.০১.২০২৬ খ্রি. থেকে ২৭.০১.২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি কোর্সে ফিকহ বিভাগে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলোঃ

শর্তসমূহ:

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ২ বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) ফিকহ বিভাগ এর কার্যক্রম চালু হবে;
২. কামিল ফিকহ বিভাগের ক্লাসের জন্য আলাদা কক্ষ ও একটি বিভাগীয় কক্ষ নির্ধারণ করতে হবে এবং লাইব্রেরিতে ফিকহ বিভাগের সকল বই ও রেফারেন্স বইসমূহ থাকতে হবে;
৩. কামিল ফিকহ বিভাগের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ ও তাদের বেতনাদি নির্ধারণ করতে হবে;
৪. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর সৌন্দর্যবর্ধন ও নির্মাণাধীন ভবনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে হবে; সকল শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থাকরণের পাশাপাশি শ্রেণিকক্ষের ব্ল্যাকবোর্ড/হোয়াইটবোর্ড সংস্কারসহ মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য আলাদা আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
৫. শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৬. ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাগ্রহণসহ পুরনো কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;
৭. প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভার আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চাকে নিয়মিত করতে হবে;
৮. প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে;
৯. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য "ডিবেইট ক্লাব, ক্রিয়েটিং রাইটিং ক্লাব, আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব চালু করতে হবে;
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

বিয়ানীবাজার কামিল মাদরাসা

বিয়ানীবাজার, সিলেট

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/সিলেট-৩৫/২০১৮/১৫৬২১

তারিখ: ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ  
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য);
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. প্রোগ্রামার, আইসিটি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৬. সভাপতি, বিয়ানীবাজার কামিল মাদরাসা, বিয়ানীবাজার, সিলেট;
৭. অফিস নথি।

(মোহাম্মদ শরীফুল ইসলাম)

সহকারী মাদরাসা পরিদর্শক

মাদরাসা পরিদর্শন দপ্তর